



# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

প্রধান কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৭।

ফোন : ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ dkibbd@gmail.com ওয়েব সাইট : www.dkib.org

স্মারক নং- ২১৪

তারিখ : ২৬/১/২০২১

### প্রতিবাদ

সম্প্রতি বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৯ নামে অভিহিত বাংলাদেশ গেজেট বৃহস্পতিবার, ১৯ সেপ্টেম্বর, ২০১৯ ইং তারিখে বিসিএস কৃষি ক্যাডারে নিয়োগ পদ্ধতিতে গেজেটের ক্রমিক নং ২৬ এ উল্লিখিত কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদসহ ক্রমিক নং ২৩, ২৪, ২৫ এবং ২৭ এ উল্লিখিত সমমান পদ সমূহে ১০০% সরাসরি নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত পদ সমূহে ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমানদের মধ্যে থেকে বিসিএস কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে পদোন্নতির মাধ্যমে ২০% নিয়োগের বিদ্যমান আদেশ কে বাতিল/রহিত করা হয়েছে।

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এই নিয়োগ পদ্ধতির তীব্রনিন্দা, ক্ষোভ ও প্রতিবাদ জ্ঞাপন করছে

এই গেজেট প্রকাশের পূর্ব পর্যন্ত বিসিএস কৃষি ক্যাডারের নিয়োগ পদ্ধতি ছিল--


১. কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রীধারীর মধ্য থেকে সরাসরি নিয়োগ-৮০%।
২. ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমানদের মধ্যে থেকে পদোন্নতির মাধ্যমে ২০%।

বিদ্যমান নীতিকে উপেক্ষা করে এবং ডিপ্লোমা কৃষিবিদদের অজান্তে, সঙ্গোপনে উক্ত গেজেট টি প্রকাশ করা হয়েছে। বিষয়টি পক্ষপাত দোষে দুষ্ট বলে আমরা মনে করি।

যেহেতু ডিপ্লোমা কৃষিবিদগণ কৃষি মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত জি.ও (জি.ও নং- ১০৪১ তারিখ- ২২/১০/২০১৮ ইং) মাধ্যমে ১০ম গ্রেডভুক্ত হয়েছেন, সেহেতু ডিপ্লোমা কৃষিবিদগণ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় বিসিএস কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে ৩৩% পদোন্নতির যোগ্য। কৃষি মন্ত্রণালয়ের ২১/০৫/২০০৮ ইং তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত থাকার সত্ত্বেও কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমানদের পদোন্নতির জন্য ডিপ্লোমা কৃষিবিদদের ৩৩% কোটা পূরণ না করে উপরন্তু বিদ্যমান ২০% পদোন্নতির কোটা বাতিল/রহিত করে সরাসরি ১০০% কোটায় কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রীধারী কৃষিবিদ নিয়োগের ব্যবস্থা করা হয়েছে। বিষয়টি আইন সংগত নহে এবং অমানবিক ও চাকুরীবিধির লঙ্ঘন বলে আমরা মনে করি।

উক্ত গেজেটের মাধ্যমে ডিপ্লোমা কৃষিবিদদের প্রাপ্য ২০% পদোন্নতির কোটা বাতিল/রহিত করে কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রীধারী কৃষিবিদদের সরাসরি নিয়োগে ডিপ্লোমা কৃষিবিদ গণ অত্যন্ত ক্ষুব্ধ এবং হতাশাগ্রস্ত।

এমতাবস্থায় মাঠ পর্যায়ে কর্মরত সকল ডিপ্লোমা কৃষিবিদদের কে বিদ্যমান বিসিএস কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমানদের পদোন্নতির জন্য ২০% পদোন্নতি কোটা সংরক্ষণ এবং ন্যায় সংগত ৩৩% পদোন্নতির কোটা আদায়ে শান্তিপূর্ণ এবং সুশৃঙ্খল ভাবে সোচ্চার থাকার আহ্বান জানানো হলো।

  
(এটিএম আবুল কাশেম)

সভাপতি

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ  
মোবা: ০১৭১১৪৮৮৪২৫

ধন্যবাদান্তে

  
(মোঃ আলফাজ উদ্দিন)

মহাসচিব

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ।  
মোবা: ০১৮১৯৪২৫০১৫